গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৪২.২০২০/ ৩৫৪ তারিখ: ২৫/০২/২০২১খ্রিস্টাব্দ

বিষয় : তদন্ত কর্মকর্তার পরিদর্শনের আলোকে মতামত প্রদান।

সূত্র : পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল পত্র নং- মাউশি/বরি/২০২১/৪৫ ; তারিখ: ০৮/০২/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার উজিরপুর থানাধীন বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবু নছর মোহাম্মদ নেছারউদ্দিন কর্তৃক দুর্নীতি এবং উৎকোচ গ্রহণের মাধ্যমে জনৈক ফারুক আহম্মেদকে গ্রন্থাগারিক পদে নিয়োগ দানের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ কামরুজ্জামান, প্রতিষ্ঠাতা সদস্য অভিযোগ করেন।

অভিযোগ: বরিশাল জেলার উজিরপুর থানাধীন বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজের একজন গ্রন্থাগারিকের শুন্য পদে নিয়োগের জন্য বিগত ১১/০১/২০২০খ্রি. তারিখে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। উল্লিখিত কলেজের অধ্যক্ষ জনাব আবু নছর মোঃ নেছারউদ্দিন পূর্ব হতে জনৈক মোঃ ফারুক আহম্মেদ বর্ণিত পদে নিয়োগের প্রতিশ্রুতি প্রদান করে মোটা অংকের অর্থ গ্রহণের চুক্তি করেন। সেই মোতাবেক লোক দেখানো একটি পরীক্ষার আয়োজন করে পূর্ব নির্ধারিত প্রার্থী মোঃ ফারুক আহম্মেদকে নিয়োগ দানের জন্য সুপারিশ হাসিল করেন। কিন্তু মোঃ ফারুক আহম্মেদকে গ্রন্থাগারিক পদে নিয়োগের জন্য তাকে মনোনীত হয়েছে জ্ঞাত হয়ে অধ্যক্ষের সঙ্গে চুক্তি মোতাবেক সম্পূর্ণ টাকা পরিশোধ করতে অনীহা প্রকাশ করায় অধ্যক্ষ ১৫/০২/২০২০খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সভায় ফারুক আহম্মেদের নিয়োগের বিষয়টি বাতিল করে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন। এছাড়া বিস্তারিত অভিযোগ করেন।

তদন্ত কর্মকর্তার মতামত:

১। গ্রন্থাগারিক পদে নিয়োগ পরীক্ষার লিখিত উত্তরপত্র ও ফলাফল বিবরণী (সিএস) পর্যালোচনা করে দেখা যায় জনাব ফারুক আহম্মেদ নিয়োগ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর অর্জন করে প্রথম হয়েছেন। ফলাফল বিবরণীতে গ্রন্থাগারিক নিয়োগ বোর্ডের সভাপতি ও সংসদ সদস্য জনাব মোঃ শাহে আলম, মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি প্রফেসর মোঃ শফিকুর রহমান শিকদার, অধ্যক্ষ, সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি ড. মোঃ নাসির উদ্দিন মুন্সী, অধ্যাপক, তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নামাঙ্কিত সীল ও স্বাক্ষর রয়েছে। গভর্নিং বডি একবার নিয়োগ বাতিল এবং পুনরায় উক্ত সিদ্ধান্ত স্থগিত করে জনাব ফারুক আহম্মেদ কে গ্রন্থাগারিক পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। এ বিষয়টি বিতর্কের সৃষ্টি করলেও জনাব ফারুক আহম্মেদ নিয়োগ পরীক্ষায় প্রথম হয়েছেন এবং উক্ত পদের দাবীদার। তার নিয়োগ প্রদান যথাযথ বলে তদন্ত কমিটির কাছে প্রতীয়মান হয়েছে।

২। অধ্যক্ষ মহোদয়ের অর্থ লেনদেনের ক্ষেত্রে অসততা, অস্বচ্ছতা ও স্বেচ্ছাচারিতার অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে।

ক) টেলিটকে- এর শেয়ার মানি অভ্যন্তরীণ অডিট আপত্তির প্রেক্ষিতে পরবর্তীতে কলেজের হিসাব নম্বরে জমা প্রদান করেছেন।

খ) ২০১৬-২০১৭ অর্থ বছরে অভ্যন্তরীণ অডিট আপত্তির কারণে ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা কলেজের হিসাব নম্বরে জমা প্রদান করছেন।

৩। অধ্যক্ষের অনিয়ম ও দুর্নীতি বিষয়ে গভর্নিং বডি পূর্ব থেকেই জ্ঞাত। কিন্তু গভর্নিং বডি গাফিলতি করে অধ্যক্ষের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেননি। জনাব ফারুক আহম্মেদকে নিয়োগ না দেয়ার জন্য অধ্যক্ষের চাকুরীর প্রায় ৩ মাস (অবসর গ্রহণের তারিখ: ২৮/০২/২০২১) বাকি থাকাকালীন এ অভিযোগ আনয়ন করা গুরুত্বহীন হয়ে পড়েছে।

৪। জাতীয় দিবসে পুরস্কার এর জন্য বই মনোনয়নের ক্ষেত্রে অধ্যক্ষের অধিকতর গুরুত্বারোপ তথ্য সচেতন থাকা উচিত ছিল।

সুপারিশ:

১। নিয়োগ বোর্ড কর্তৃক সুপরিশকৃত প্রার্থীর নিয়োগ বাতিল/স্থগিত করা বিষয়ে গভর্নিং বডির ক্ষমতা থাকার বিষয়টি পুন: বিবেচনা বাঞ্ছনীয়।

২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সকল পদে বিশেষ করে অশিক্ষক কর্মচারী নিয়োগের জন্য এনটিআরসিএ এর অনুরূপ শক্তিশালী জাতীয়/আঞ্চলিক কর্তৃপক্ষ গঠন আবশ্যক। তাহলে গভর্নিং বডির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে এসএমসি/গভর্নিং বডি সংক্রান্ত অভিযোগ ও মামলা হ্রাস পাবে।

৩। আয়-ব্যয় এবং হিসাব নিরীক্ষার জন্য প্রতি বছর বেসরকারি কলেজসমূহ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ। প্রয়োজনে জনবল বৃদ্ধি করা।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত বিষয়ে মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

25.2.21
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন: ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

সভাপতি, পরিচালনা পরিষদ
বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজ
উজিরপুর, বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৪২.২০২০/৩৫৫/২ তারিখ: ২৫/০২/২০২১খ্রিস্টাব্দ

বিষয় : তদন্ত কর্মকর্তার পরিদর্শনের আলোকে ব্যাখ্যা প্রদান।

সূত্র : পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল পত্র নং- মাউশি/বরি/২০২১/৪৫ ; তারিখ: ০৮/০২/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার উজিরপুর থানাধীন বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবু নছর মোহাম্মদ নেছারউদ্দিন কর্তৃক দুর্নীতি এবং উৎকোচ গ্রহণের মাধ্যমে জনৈক ফারুক আহম্মেদকে গ্রন্থাগারিক পদে নিয়োগ দানের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ কামরুজ্জামান, প্রতিষ্ঠাতা সদস্য অভিযোগ করেন।

অভিযোগ: বরিশাল জেলার উজিরপুর থানাধীন বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজের একজন গ্রন্থাগারিকের শুন্য পদে নিয়োগের জন্য বিগত ১১/০১/২০২০খ্রি. তারিখে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। উল্লিখিত কলেজের অধ্যক্ষ জনাব আবু নছর মোঃ নেছারউদ্দিন পূর্ব হতে জনৈক মোঃ ফারুক আহম্মেদ বর্ণিত পদে নিয়োগের প্রতিশ্রুতি প্রদান করে মোটা অংকের অর্থ গ্রহণের চুক্তি করেন। সেই মোতাবেক লোক দেখানো একটি পরীক্ষার আয়োজন করে পূর্ব নির্ধারিত প্রার্থী মোঃ ফারুক আহম্মেদকে নিয়োগ দানের জন্য সুপারিশ হাসিল করেন। কিন্তু মোঃ ফারুক আহম্মেদকে গ্রন্থাগারিক পদে নিয়োগের জন্য তাকে মনোনীত হয়েছে জ্ঞাত হয়ে অধ্যক্ষের সঙ্গে চুক্তি মোতাবেক সম্পূর্ণ টাকা পরিশোধ করতে অনীহা প্রকাশ করায় অধ্যক্ষ ১৫/০২/২০২০খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সভায় ফারুক আহম্মেদের নিয়োগের বিষয়টি বাতিল করে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন। এছাড়া বিস্তারিত অভিযোগ করেন।

তদন্ত কর্মকর্তার মতামত:

১। গ্রন্থাগারিক পদে নিয়োগ পরীক্ষার লিখিত উত্তরপত্র ও ফলাফল বিবরণী (সিএস) পর্যালোচনা করে দেখা যায় জনাব ফারুক আহম্মেদ নিয়োগ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর অর্জন করে প্রথম হয়েছেন। ফলাফল বিবরণীতে গ্রন্থাগারিক নিয়োগ বোর্ডের সভাপতি ও সংসদ সদস্য জনাব মোঃ শাহে আলম, মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি প্রফেসর মোঃ শফিকুর রহমান শিকদার, অধ্যক্ষ, সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি ড. মোঃ নাসির উদ্দিন মুন্সী, অধ্যাপক, তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নামাঙ্কিত সীল ও স্বাক্ষর রয়েছে। গভর্নিং বডি একবার নিয়োগ বাতিল এবং পুনরায় উক্ত সিদ্ধান্ত স্থগিত করে জনাব ফারুক আহম্মেদ কে গ্রন্থাগারিক পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। এ বিষয়টি বিতর্কের সৃষ্টি করলেও জনাব ফারুক আহম্মেদ নিয়োগ পরীক্ষায় প্রথম হয়েছেন এবং উক্ত পদের দাবীদার। তার নিয়োগ প্রদান যথাযথ বলে তদন্ত কমিটির কাছে প্রতীয়মান হয়েছে।

২। অধ্যক্ষ মহোদয়ের অর্থ লেনদেনের ক্ষেত্রে অসততা, অস্বচ্ছতা ও স্বেচ্ছাচারিতার অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে।

ক) টেলিটকে- এর শেয়ার মানি অভ্যন্তরীণ অডিট আপত্তির প্রেক্ষিতে পরবর্তীতে কলেজের হিসাব নম্বরে জমা প্রদান করেছেন।

খ) ২০১৬-২০১৭ অর্থ বছরে অভ্যন্থরীণ অডিট আপত্তির কারণে ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) টাকা কলেজের হিসাব নম্বরে জমা প্রদান করছেন।

৩। অধ্যক্ষের অনিয়ম ও দুর্নীতি বিষয়ে গভর্নিং বডি পূর্ব থেকেই জ্ঞাত। কিন্তু গভর্নিং বডি গাফিলতি করে অধ্যক্ষের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেননি। জনাব ফারুক আহম্মেদকে নিয়োগ না দেয়ার জন্য অধ্যক্ষের চাকুরীর প্রায় ৩ মাস (অবসর গ্রহণের তারিখ: ২৮/০২/২০২১) বাকি থাকাকালীন এ অভিযোগ আনয়ন করা গুরুত্বহীন হয়ে পড়েছে।

৪। জাতীয় দিবসে পুরস্কার এর জন্য বই মনোনয়নের ক্ষেত্রে অধ্যক্ষের অধিকতর গুরুত্বারোপ তথ্য সচেতন থাকা উচিত ছিল।

সুপারিশ:

১। নিয়োগ বোর্ড কর্তৃক সুপরিশকৃত প্রার্থীর নিয়োগ বাতিল/স্থগিত করা বিষয়ে গভর্নিং বডির ক্ষমতা থাকার বিষয়টি পুন: বিবেচনা বাঞ্ছনীয়।

২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সকল পদে বিশেষ করে অশিক্ষক কর্মচারী নিয়োগের জন্য এনটিআরসিএ এর অনুরূপ শক্তিশালী জাতীয়/আঞ্চলিক কর্তৃপক্ষ গঠন আবশ্যক। তাহলে গভর্নিং বডির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে এসএমসি/গভর্নিং বডি সংক্রান্ত অভিযোগ ও মামলা হ্রাস পাবে।

৩। আয়-ব্যয় এবং হিসাব নিরীক্ষার জন্য প্রতি বছর বেসরকারি কলেজসমূহ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ। প্রয়োজনে জনবল বৃদ্ধি করা।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত বিষয়ে পত্র প্রাপ্তির ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

25.2.21
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন: ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজ
উজিরপুর, বরিশাল

১। সভাপতি, পরিচালনা পরিষদ, বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজ, উজিরপুর, বরিশাল
২। সংরক্ষণ নথি।